কবরস্থান এবং গোসল খানা ছাড়া সমগ্র যমীন মসজিদ।

আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: কবরস্থান এবং
গোসল খানা ছাড়া সমগ্র যমীন মসজিদ।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। -
এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি দারিমী বর্ণনা করেছেন]

সমগ্র যমীন সালাতের স্থান। তবে যে সব জায়গায় মরা মানুষ দাফন করা হয়। কবরের দেয়াল যতটুকুকে সামিল করে এবং ঐ স্থান যেখানে আরোগ্য লাভের জন্য গরম পানি দিয়ে গোসল করা হয় তাও এর অন্তর্ভুক্ত। ইমাম নববী বলেন, শয়তানের কেন্দ্রসমূহে সালাত আদায় সবার ঐক্যমতে মাকরূহ। আর তা হলো যেমন, মদ ও নেশার স্থান, জুয়ার স্থান এবং এ ধরনের অশ্লীল ও অপকর্মের স্থান, গীর্জা, মন্দির ও নাপাক স্থান ইত্যাদি।

https://sunnah.global/hadeeth/bn/show/10645